জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/২৬৪ তারিখ- ৬/৯/২০২০

## সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১০/০৯/২০২০ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। অনুমোদিত ০৭ (সাত) টি বস্তিতে ২য় পর্যায়ের ২৫% ভৌত কাজের পর্যালোচনা ও অনুমোদন এবং ৩য় কিস্তির কাজ শুরু করার জন্য সুপারিশ করণ বিষয়ে আলোচনা।
৩। পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাতমূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

প্রাপকঃ

...............................................................

সদস্য/প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়

## জয়পুরহাট।

### সভা নং-৬৪

**দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) অনুষ্ঠিত সভার কার্যবিবরনীঃ-**

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৯/২০২০খ্রিঃ।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | - |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | স্বাক্ষরিত |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী, জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | স্বাক্ষরিত |

**আলোচ্য বিষয় ঃ ১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।**

**আলোচনা** ঃ- গত ১২/০৮/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ- গত ২০/০৮/২০২০ খ্রিঃ তারিখে সভার কার্যবিবরনী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

**আলোচ্য সূচী-৩। অনুমোদিত ০৭ (সাত) টি বস্তিতে ২য় পর্যায়ের ২৫% ভৌত কাজের পর্যালোচনা ও অনুমোদন এবং ৩য় কিস্তির কাজ শুরু করার জন্য সুপারিশ করণ বিষয়ে আলোচনা।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ে সভাপতি মহোদয় চলমান বস্তি উন্নয়ন কাজের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সভায় তথ্য উপস্থাপনের জন্য এ কমিটির সদস্য সচিব ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা কে অনুরোধ করলে, মোঃ হাসানুজ্জমান, বস্তি উন্নয়ন কর্মকর্তা ০৭ টি বস্তির সর্বশেষ কাজের অগ্রগতি তুলে ধরে বলেন, বস্তিতে চলমান ২য় পর্যায়ের ২৫% কাজ সহ মোট ৫০% কাজ সম্পন্ন হয়েছে। ০৭(সাত) টি বস্তির ভৌত কাজের তালিকা অনুযায়ী ব্যয়ের বিবরনী নিম্নোক্তভাবে তুলে ধরেন।

তাঁতীপাড়া বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ১৭ টি সিঙ্গেল টয়লেটের দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন ও রিং স্লাব স্থাপন এবং বর্তমান কিস্তিতে নির্মিত ০২ টি ডাবল টয়লেটের সেপটিক ট্যাংকি, দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন | ৭,০৮,২১৬/- |
| ২ | ৩৯ মিটার ড্রেন নির্মান। | ৯২,৭২০/- |
| ৩ | পার্ট-এ=২১৫ মিঃ, পার্ট-বি=৩০ মিঃ, পার্ট-সি=৫০ মিঃ, নির্মাণ | ১২,৪৭,৬২৯/- |
| | | ২০,৪৮,৫৬৫/- |

রইচপাড়া মুহিত পুকুরপাড় বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১টি সিঙ্গেল টয়লেটের গাথুনী সহ ছাদ ঢালাই। | ৫৮,৯৭১/- |
| ৩ | পার্ট-এ=১৮০ মিঃ, পার্ট-বি=১৬৩ মিঃ নির্মাণ | ১১,২৬,৮২১/- |
| | | ১১,৮৫,৭৯২/- |

যমুনা বাঁধপাড়া বস্তি:

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ০৫ টি টাইপ-এ সিঙ্গেল টয়লেটের দরজা, ভেন্টিলেটর, সেপটিক ট্যাংকি সহ বাহিরের অংশ প্লাস্টার করন এবং বর্তমান কিস্তিতে নির্মিত ০২ টি টাইপ-বি সিঙ্গেল টয়লেটের রিং স্লাব স্থাপন ও দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন | ৮,৮৭,৫২০/- |
| ২ | ৪০০ মিটার ফুটপাত নির্মান। | ১১,৫৯,১৫৫/- |
| | | ২০,৪৬,৬৭৫/- |

তাজুর মোড় বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ০৫ টি টাইপ-বি সিঙ্গেল টয়লেটের দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন এবং বর্তমান কিস্তিতে নির্মিত ০৪ টি টাইপ-বি সিঙ্গেল টয়লেটের মধ্যে ০১টির দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন এবং ১০ টির রিং স্লাব স্থাপন | ৭,৭৩,০৫৬/- |
| ২ | ৭৭ মিটার ফুটপাত নির্মাণ | ১,৯৮,৩২৭/- |
| ৩ | ২০০ মিটার ড্রেন নির্মাণ | ৪,৭৫,৪৫৫/- |
| | | ১৪,৪৬,৮৩৮/- |

বিশ্বাসপাড়া রেল কলোনী বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ০৯ টি ও ২য় কিস্তিতে নির্মিত ০১ টি মোট ১০ টি টাইপ-এ সিঙ্গেল টয়লেটের দরজা, ভেন্টিলেটর, সেপটিক ট্যাংকি সহ বাহিরের অংশ প্লাস্টার করন ও রিং স্লাব স্থাপন এবং বর্তমান কিস্তিতে নির্মিত ০৩ টি টাইপ-এ ডাবল টয়লেটের গাথুনী সহ ছাদ ও সেপটিক ট্যাংকি নির্মাণ | ১৩,৩৮,০১৬/- |
| ২ | ৬৩ মিটার ড্রেন নির্মান। | ১,৫৪,৭৯০/- |
| ৩ | ১০০মিটার ফুটপাত নির্মান। পার্ট-সি | ৫,৪৭,৪৯০/- |
| | | ২০,৪০,২৯৬/- |

চিনিকল হরিজন কলোনী বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ০৪টি ডবল টয়লেটে টাইলস সহকারে সম্পূর্ন নির্মাণ করা হয়েছে | ৬,৫৭,৪৫৯/- |
| ২ | ৪০ মিটার ফুটপাত নির্মান। | ১,৪৪,৭২৭/- |
| ৩ | ১৯৯ মিটার ড্রেন নির্মাণ | ৪,৭৩,০৮৫/- |
| ৪ | ডাস্টবিন ০১ টি | ১১,৭১৪/- |
| | | ১২,৮৬,৯৮৫/- |

বঙ্গবন্ধুপাড়া বস্তি

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ১ম কিস্তির নির্মিত ১০ টি সিঙ্গেল টয়লেটের দরজা, ভেন্টিলেটর সহ বাহিরের অংশ প্লাস্টার করন ও রিং স্লাব স্থাপন | ৩,৮৪,৮৮১/- |
| ২ | পার্ট-এ=৪৯ মিঃ, পার্ট-বি=০৮ মিঃ, পার্ট-সি=৪৫ নির্মাণ | ৫,২১,৮০৭/- |
| | | ৯,০৬,৬৮৮/- |

উপস্থিত কমিটির সদস্যরা উপরোক্ত কাজের তালিকা ও ব্যয়ের বিবরনী পর্যালোচনা করে বিস্তারিত আলোচনা কালে কমিটির সদস্য ইকবাল হোসেন বলেন, আমার ওয়ার্ডে ইউজিপ-৩ প্রকল্প কর্তৃক অনুমোদিত কোন বস্তি পড়েনি। তারপরও আমি এ কমিটির সদস্য হিসেবে কয়েকটি বস্তি পরিদর্শন করে দেখেছি যা উপরোক্ত তালিকার সাথে মিল রয়েছে এবং কাজের গুনগতমান যথেষ্ঠ ভাল। সভাপতি সহ অন্যান্য সদস্য একমত পোষন করেন নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

**সিদ্ধান্ত** ঃ- UGIIP-III প্রকল্পের আওতায় চলমান ০৭(সাত) টি বস্তির ভৌত কাজের জন্য মোট=১,০৯,৬১,৮৩৯/- টাকা খরচ হয়েছে যা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং ৩য় কিস্তির কাজ শুরু করার লক্ষ্যে প্রকল্প অফিসের দ্রুত অনুমতি পাওয়ার বিষয়ে আশা প্রকাশ করেন। ভৌত কাজ শুরু হলে এ কমিটির সদস্যরা নিয়মিত ভৌত কাজ পরিদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহন করেন।

আলোচ্য সূচি-৩ ঃ পৌরসভার দরিদ্র এলাকায় নিয়মিত করোনা ভাইরাস বিষয়ে সচেতনাত মূলক কর্মসূচী গ্রহন করা প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি আলোচ্য বিষয়ে বলেন, পৌরসভা হতে নিয়মিত করোনা ভাইরাস প্রতিকারের উপায় সমূহ বিষয়ে সচেতন করা হচ্ছে। যেমন- নিয়মিত সচেতনতা মূলক মাইকিং, লিফলেট বিতরন, বিভিন্ন দর্শনীয় স্থানে ব্যানার স্থাপন সহ আপনারা অবগত আছেন পৌরসভা হতে প্রতিটি দরিদ্র এলাকায় মাক্স ও সাবান বিতরন করা হয়েছে। আলোচনা কালে এ টি এম মোস্তাফিজুর রহমান,নির্বাহী প্রকৌশলী (ভাঃ),জয়পুরহাট পৌরসভা বলেন, UGIIP-III প্রকল্পের অর্থায়নে প্রতিটি ওয়ার্ডের দর্শনীয় স্থানে করোনা ভাইরাস সচেতনতা মূলক ব্যানার স্থাপন করা হয়েছে। মোছাঃ রোজী বেগম, কাউন্সিলর,সংরক্ষিত-০১ বলেন, উঠান বৈঠকের মাধ্যমেও এ ব্যাপারে সচেতন করা হয়েছে। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত** ঃ করোনা ভাইরাস বিভাবে ছড়ায় এবং কিভাবে এর থেকে প্রতিকার পাওয়া যায়, সেসব বিষয় পৌরবাসীদের বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীদের জনসচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করে সচেতন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ ২৮৯

তারিখ- ২৩/০৭/২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা
২। জনাব/জনাবা ............................................................ সদস্য
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি)
৩। অফিস নথি।

(মোঃ বিপুল খান)
সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি
(অতিরিক্ত স্থায়ী কমিটি)
ও কাউন্সিলর, ওয়ার্ড নং-০৬
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

জয়পুরহাট পৌরসভার দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটির (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় উপস্থিত সম্মানিত সদস্য বৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর নিম্নরূপ- (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি ঃ জনাব মোঃ বিপুল খান, কাউন্সিলর, সংরক্ষিত-৬, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ১০/০৯/২০২০ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ ১১.০০ ঘটিকা।

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ২ | মোঃ বিপুল খান | কাউন্সিলর, ওয়ার্ড নং-৬, জয়পুরহাট পৌরসভা | সভাপতি | [signature] |
| ৩ | মিসেস রোজী বেগম | কাউন্সিলর, সংরক্ষিত-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৪ | মোছাঃ ফেন্সী আরা | কাউন্সিলর, সংরক্ষিত-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৫ | মোঃ দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ৬ | এ টি এম মোস্তাফিজুর রহমান | নির্বাহী প্রকৌশলী(ভাঃ) জয়পুরহাট পৌরসভা | প্রতিনিধি | [signature] |
| ৭ | মোছাঃ শাহানাজ বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | [signature] |
| ৮ | মোছাঃ মর্জিনা বেগম | সমাজ সেবী | দরিদ্র শ্রেণির প্রতিনিধি | [signature] |